

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৭. ইলম অম্বেষণের জন্য সফর করা এবং এতে পরিশ্রম-কষ্ট সহ্য করা

بَابُ الرِّحْلَةِ فِي طَلَبِ الْعِلْمِ، وَاحْتِمَالِ الْعَنَاءِ فِيهِ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا الْجُرَيْرِيُّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ أَنَّ رَجُلًا مَنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَحَلَ إِلَى فَصَالَةَ بْنِ عُبَيْدٍ وَهُوَ بِمِصْرَ فَقَدِمَ عَلَيْهِ وَهُوَ يَمُدُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَحَلَ إِلَى فَصَالَةَ بْنِ عُبَيْدٍ وَهُوَ بِمِصْرَ فَقَدِمَ عَلَيْهِ وَهُوَ يَمُدُ لِلنَّهِ لِنَاقَةٍ لَهُ فَقَالَ مَرْحَبًا قَالَ أَمَا إِنِّي لَمْ آتِكَ زَائِرًا وَلَكِنْ سَمِعْتُ أَنَا وَأَنْتَ حَدِيثًا مِنْ رَسُولِ لِللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجَوْتُ أَنْ يَكُونَ عِنْدَكَ مِنْهُ عِلْمٌ قَالَ مَا هُوَ قَالَ كَذَا وَكَذَا إِلَى اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجَوْتُ أَنْ يَكُونَ عِنْدَكَ مِنْهُ عِلْمٌ قَالَ مَا هُوَ قَالَ كَذَا وَكَذَا إِسناده صحيح

## বাংলা

কে০.[1] আব্দুল্লাহ ইবনু বুরাইদাহ হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একজন সাহাবী ফাদালাহ ইবনু উবাইদ রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট সফর করে গেলেন, তিনি মিসরে অবস্থান করছিলেন। সেই সাহাবী তার নিকট উপস্থিত হলেন যখন তিনি তার উটের জন্য খাবার যোগাড় করছিলেন। (তাকে দেখে) তিনি বলে উঠলেন: মারহাবা! স্বাগতম! এ সাহাবী তাকে বললেন: জেনে রাখুন, আমি আপনার সাথে শুধু সাক্ষাতের জন্য আসিনি। বরং আমি শুনেছি যে, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীস বর্ণনা করছেন। আমি প্রত্যাশা করলাম যে, আপনার নিকট তাঁর থেকে (হাদীস বিষয়ক) কোনো ইলম রয়ে গেছে। তখন তিনি বললেন: সেটা আবার কী? তিনি জবাব দিলেন: এই এই (ইলম)।[2]

## ফুটনোট

- [1] এ সংস্করণে ৫৮৯ নং ক্রমটি বাদ পড়েছে। ৫৮৮ নং এর পরেই ৫৯০ ক্রমিক নং লেখা হয়েছে, যা স্পষ্টত ভুল।
- [2] তাহকীক: এর সনদ সহীহ।



তাখরীজ: (মুহাক্কিক এর কোনো তাখরীজ করেননি-অনুবাদক।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন